

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

( কাস্টমস্ )

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ/০৯ জুন, ২০১১ খ্রিস্টাব্দ ।

এস,আর,ও নং ১৬৮-আইন/২০১১/২৩৫৫/কাস্টমস্ ।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 25(3) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ, ১০ জুন, ২০১০ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং-১৯০-আইন/২০১০/২৩০৮/শুল্ক, বাতিলক্রমে, উক্ত Act এর FIRST SCHEDULE এর কলাম (1) এর Heading No. 87.03 ও 87.04 এর বিপরীতে কলাম (2) এ উলিখিত সংশ্লিষ্ট H.S. Code এর আওতাধীন নূতন মোটর গাড়ি, ডাবল কেবিন পিক-আপ ও যানবাহনের কাস্টমস্ ডিউটি আদায়কল্পে ন্যূনতম মূল্য (Minimum value) নির্ধারণের জন্য নিম্নরূপ শর্ত আরোপ করিল, যথাঃ

শর্ত

- (১) শুল্কায়নকালে গাড়ি প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ইনভয়েস (Manufacturer's invoice) আবশ্যিকভাবে দাখিল করিতে হইবে;
- (২) প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিয়োগপ্রাপ্ত এজেন্ট/ডিলার কর্তৃক প্রদত্ত Price Certificate/ Invoice এক্ষেত্রে গ্রহণযোগ্য হইবে না; এবং
- (৩) Manufacturer's Invoice এ ঘোষিত মূল্য শুল্কায়নের জন্য ন্যূনতম মূল্য (Minimum value) হিসাবে বিবেচ্য হইবে, তবে জাপান হইতে আমদানিকৃত গাড়ির ক্ষেত্রে Yellow Book এ প্রদর্শিত New Price (NP) এবং জাপান ব্যতীত অন্যান্য দেশ হইতে আমদানিকৃত গাড়ির ক্ষেত্রে Glass's Guide এ

প্রদর্শিত New Price (NP) অথবা আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মূল্য সংক্রান্ত  
নিরপেক্ষ প্রকাশনা অথবা সংশ্লিষ্ট প্রস্তুতকারকের মুদ্রিত অন্য কোন স্বীকৃত মূল্য  
তালিকা অথবা ইন্টারনেটে প্রচারিত নির্ভরযোগ্য মূল্য সংক্রান্ত তথ্যের ভিত্তিতে প্রাপ্ত  
মূল্য, নূন্যতম মূল্য অপেক্ষা অধিক হইলে উক্ত উচ্চতর মূল্যে শুক্রায়ন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(ড. নাসিরউদ্দীন আহমেদ)

সচিব।